গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

নং-২৪.০২.০০০০.০০১.১১.০০১.১৭ (অংশ-১)- ৫৮০

তারিখ: ১৩ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
২৬ এপ্রিল, ২০১৮ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়াধীন বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ও এর আওতাধীন বিভিন্ন কার্যালয় এবং শিক্ষা প্রতিষ্ঠান সমূহ এর জন্য নিম্নলিখিত রাজস্ব খাতভূক্ত সরাসরি পূরণযোগ্য স্থায়ী ও অস্থায়ী শূণ্য পদের বিপরীতে বিধি মোতাবেক অস্থায়ীভাবে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তাধীনে আগ্রহী স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম, বেতন স্কেল, ২০১৫ ও গ্রেড | পদের সংখ্যা ও প্রকৃতি | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রকৃত স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ০১ | পরিদর্শক(কারিগরি) ১২৫০০-৩২২৪০/- (গ্রেড-১১) | ৬ (অস্থায়ী) | কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে ডিপ্লোমা পাশ। | ঢাকা, কিশোরগঞ্জ, গাজীপুর, শরিয়তপুর, মানিকগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, নারায়নগঞ্জ, নরসিংদী, নেত্রকোণা, ময়মনসিংহ ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, চট্রগ্রাম, কুমিল্লা, লক্ষীপুর, ফেনী, নোয়াখালী, কক্সবাজার, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, কুড়িগ্রাম, লালমনিরহাট, রাজশাহী, রংপুর, বগুড়া, নীলফামারী, নওগাঁ, ঝিনাইদহ, মাগুরা, চুয়াডাঙ্গা, সাতক্ষীরা, ভোলা, মেহেরপুর, সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ, মৌলভী বাজার। |
| ০২ | আর্টিষ্ট ডিজাইনার ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ৪টি (২টি স্থায়ী ও ২টি অস্থায়ী) | কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে ডিপ্লোমা।<br>অথবা<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে মেকানিক্যাল ট্রেড কোর্স পাস সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫(পাঁচ) বছরের কর্ম অভিজ্ঞতা। | |
| ০৩ | অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ১১ (অস্থায়ী) | উচ্চমাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং প্রতি মিনিটে কম্পিউটার কম্পোজে গতি বাংলায় ২০ এবং ইংরেজীতে ২৫ শব্দ। | |
| ০৪ | আর্টিষ্ট সহকারি ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ১টি (স্থায়ী) | অংকন ও চারুকলায় পারদর্শিতাসহস কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং অনুন ৩(তিন) বছরের কর্ম অভিজ্ঞতা। | |
| ০৫ | বয়লার অপারেটর ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | ০১ (এক) টি (অস্থায়ী) মুক্তিযোদ্ধা কোটা | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট কোর্স পাশ এবং ৫ বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা এবং বয়লার ইন্সপেক্টর কর্তৃক এ অথবা বি গ্রেড সার্টিফিকেট প্রাপ্ত। | |
| ০৬ | লাইব্রেরি এ্যাসিস্ট্যান্ট ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | ০১ (এক) টি (অস্থায়ী) মুক্তিযোদ্ধা কোটা | কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাস বা গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। | |

**আবেদনের ক্ষেত্রে নিমোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে:**

১. আবেদনপত্র আগামী ০৭/৬/২০১৮ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে **“মহাপরিচালক,বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা) ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫”** এর নিকট ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। উক্ত তারিখ ও সময়ের পর কোন অবস্থাতেই আবেদন গ্রহণযোগ্য হবে না। **খামের উপরে আবেদনকৃত পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোটা (যদি থাকে) উল্লেখ করতে হবে।** আবেদনপত্রের নির্ধারিত স্থানে ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে এবং অতিরিক্ত ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে।

২. বস্ত্র অধিদপ্তরের ওয়েব সাইট (www.dot.gov.bd) নোটিশ বোর্ড হতে ডাউনলোড করে জনপ্রশাসনের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং উক্ত ওয়েবসাইট হতে প্রবেশপত্রের নমুনা ডাউনলোড করে পুরণ করত: আবেদন পত্রের সাথে অবশ্যই প্রেরণ করতে হবে (ফটোকপি গ্রহণযোগ্য)।

৩. আবেদনপত্রের সাথে প্রার্থীকে অবশ্যই প্রদত্ত প্রবেশপত্রের নমুনা অনুসারে যথাযথভাবে দুইটি প্রবেশপত্র পূরণ পূর্বক ০২(দুই) কপির নির্ধারিত অংশে পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

৪. প্রবেশপত্র প্রেরণের জন্য প্রাপকের ঠিকানা লিপিবদ্ধসহ ৬/- টাকার ডাকটিকিট সংযুক্ত একটি ১০.৫”×৪.৫” সাইজের ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৫. এতিম ও শারিরীক প্রতিবন্ধী/মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য ও সাধারণ প্রার্থীদের সরকারী সার্কুলার মোতাবেক কোটা অনুসরণ করা হবে।

৬. এতিমখানা নিবাসী ও শারিরিক প্রতিবন্ধীরা সকল জেলা থেকে আবেদন করতে পারবেন।

৭. ০৭/৬/২০১৮ইং তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর এর মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের নাতী/নাতনীদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ (ত্রিশ) বৎসর।

৮. বিজ্ঞপ্তিকৃত পদের জন্য ১০০/- টাকা মূল্যের পোস্টাল অর্ডার মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ও চালান কপি গ্রহণযোগ্য নহে)।

৯. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত দরখাস্ত/একই খামে একাধিক আবেদন/আবেদনের গায়ে কোন প্রকার সুপারিশ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে। এছাড়া একজন প্রার্থী কেবলমাত্র একটি পদেই আবেদন করতে পারবেন।

১০. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে।

১১ আবেদনপত্র যাচাই-বাছাই এর পর উপযুক্ত প্রার্থীকে লিখিত/ক্ষেত্র বিশেষে স্বাস্থ্যগত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

১২. এই বিজ্ঞপ্তিতে জারীকৃত নিয়োগতব্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, নিয়োগ প্রদান বা নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার সমূদয় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩. নিয়োগপ্রাপ্তগণ ডাক্তারী পরীক্ষায় অযোগ্য ঘোষিত হলে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

১৪. ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল মূল সনদপত্র প্রদর্শন ও সকল সনদের ১ সেট ফটোকপি জমা দিতে হবে। উল্লেখ্য যে, আবেদনপত্রের সাথে কোন কাগজপত্র দিতে হবে না।

১৫. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ক্ষেত্রে প্রমাণক হিসেবে মুক্তিযোদ্ধার সরকারি গেজেট, মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদ ও জেলা/উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল কর্তৃক প্রত্যায়নপত্রের ফটোকপি সত্যায়ন করে দাখিল করতে হবে। এছাড়া মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে উল্লেখিত কাগজপত্রাদি সহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌর মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সংগে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্ক সম্পর্কিত প্রত্যায়ন পত্র ও প্রার্থীর পিতা-মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সত্যায়ন করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

১৬. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমন বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

২৬/৪/১৮

( লায়লা ইয়াফির )
উপ-পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে।